# পরিবেশ বিদ্যা - মানুষ ও পরিবেশ , পর্ব – দ্বিতীয়

**আজ "পরিবেশ বিদ্যা - মানুষ ও পরিবেশ , পর্ব - দ্বিতীয়" থেকে 50 টি প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করা হল -**

**1) পৃথীবিতে প্রথম প্রাণের উৎপত্তি কোথায় হয়েছে ?**
*** Answer :- জলভাগে ।**

**2) মানব দেহের ত্বকে কোন ভিটামিন সংশ্লেষিত হয় ?**
*** Answer :- ভিটামিন ডি(D)।**

**3) Biosphere শব্দটির অর্থ কী ?**
*** Answer :- জীবমন্ডল ,' Bios ' অর্থ - জীবন ও 'Sphere ' অর্থ - মন্ডল ।**

**4) নাসা - এর বিজ্ঞানীরা বায়ুমন্ডলের ঊর্ধ্বে কত কিলোমিটার পর্যন্ত ক্ষুদ্র ক্ষুদ্র জীবের প্রমাণ পেয়েছেন ?**
*** Answer :- 14 কিলোমিটার পর্যন্ত ।**

**5) নাসার বিজ্ঞানীরা পৃথীবিতে কত প্রজাতি জীবের অস্তিত্বের কথা বলেছেন ?**
*** Answer :- 72 লক্ষ ।**

**6) ভারতীয় পুরাণে পৃথীবিতে কত প্রজাতি জীবের অস্তিত্বের কথা বলেছেন ?**
*** Answer :- 84 লক্ষ ।**

**7) বর্তমানে পৃথিবীতে মোট জনসংখ্যা কত ?**
*** Answer :- প্রায় 800 কোটি (2024) ।**

**8) বায়ুমণ্ডল দ্বারা প্রভাবিত জীবমণ্ডলকে কী বলা হয় ?**
*** Answer :- বায়োম (Biome) ।**

**9) ' ইকোলজি '(Ecology) কথাটি কে প্রথম ব্যবহার করেন ?**
*** Answer :- জার্মান জীব বিজ্ঞানী অর্নেস্ট হেকেল।**

**10) ' বাস্তুতন্ত্র '(Ecosystem) কথাটি কে প্রথম ব্যবহার করেন ?**
*** Answer :- 1935 খ্রিস্টাব্দে এ জি ট্যান্সেলে ।**

**11) জীবভর ( Boimass) কি ?**
*** Answer :- জীবের শুষ্ক ওজনকে জীবভর বলা হয় ।**

**12) কোন অঞ্চলের জীবভর বেশি ?**
*** Answer :- নিরক্ষীয় অঞ্চলে ।**

**13) পৃথীবির সব থেকে বড় বায়োমের নাম কী ?**

* Answer :- তৈগা বায়োম ।

14) একটি স্থলভাগের বাস্তুতন্ত্রের নাম কী ?
* Answer :- বনভূমির বাস্তুতন্ত্র ।

15) একটি জলজ বাস্তুতন্ত্রের নাম কী ?
* Answer - পুকুরের বাস্তুতন্ত্র ।

16) একটি বড় বাস্তুতন্ত্রের নাম কী ?
* Answer :- সামুদ্রিক বাস্তুতন্ত্র ।

17) একটি কৃত্রিম বাস্তুতন্ত্রের নাম কী ?
* Answer :- আকুয়ারিয়াম বা নিজের তৈরী বাগান ।

18) স্বভোজী বা উৎপাদক কাদের বলা হয় ?
* Answer :- যারা প্রকৃতি থেকে বিভিন্ন উপাদান সংগ্রহ করে নিজেরাই নিজেদের খাবার তৈরী করতে পারে, তাদেরকে স্বভোজী বা উৎপাদক বলা হয় ।

19) স্বভোজী কারা বা কারা কারা নিজের খাবার তৈরী করতে পারে ?
* Answer :- সমস্ত সবুজ উদ্ভিদ ( যারা সালোকসংশ্লেষণ করতে পারে ) , যেমন- আমগাছ, জামগাছ, বটগাছ প্রভৃতি ।

20 ) খাদক বা পরভোজী কাদের বলা হয় ?
* Answer :- যারা নিজের খাবার নিজে তৈরী করতে পারে না, খাবারের জন্য অন্য জীবের ওপর নির্ভর করে, তাদেরকে খাদক বলে ।

21) খাদক বা পরভোজীর উদাহরণ দাও ?
* Answer :- মানুষ, বাঘ, সাপ, পাখি প্রভৃতি ।

22) হার্বিভোরাস কাদের বলা হয় ?
* Answer :- যে সমস্ত প্রাণী খাদ্যের জন্য গাছ, লতা, পাতা, ঘাস প্রভৃতি উৎপাদকের উপর নির্ভরশীল, তাদেরকে তৃণভোজী বা হার্বিভোরাস বলা হয়।

23) হার্বিভোরাস কারা বা উদাহরণ দাও ?
* Answer :- গঙ্গাফড়িং, হরিণ, খরগোশ, হাতি, ঘোড়া, ছাগল, জেব্রা প্রভৃতি ।

24) ) কার্নিভোরাস কাকে বলে ?
* Answer :- যে সমস্ত প্রাণী অন্যের প্রাণীদেহ বা মাংস খেয়ে বেঁচে থাকে, তাদের কার্নিভোরাস বা মাংসাশী প্রাণী বলে।

25) কার্নিভোরাস বা মাংসাশী প্রাণীর উদাহরণ দাও ?
* Answer :- সিংহ, বাঘ, বাজপাখি, শেয়াল প্রভৃতি।

26) ওমনিভোরাস কাকে বলে ?
* Answer :- যে সমস্ত প্রাণী খাদ্য হিসেবে বিভিন্ন উদ্ভিদজাত দ্রব্য এবং প্রাণীদেহ বা মাংস খেয়ে



WWW.BENGALEDUCATIONGUIDE.COM

বেঁচে থাকে, তাদের ওমনিভোরাস বা সর্বভুক প্রাণী বলে।

27) ওমনিভোরাস বা সর্বভুক প্রাণীর একটি উদাহরণ দাও ?
* Answer :- মানুষ ।

28) প্রাথমিক খাদক কাকে বলে ?
* Answer :- যে সমস্ত খাদক উৎপাদকদের (সবুজ উদ্ভিদ) খেয়ে পুষ্টি গ্রহণ করে, তাদের কে প্রাথমিক খাদক বলে। যেমন - গরু, ভেড়া, হরিণ প্রভৃতি।

29) গৌণ খাদক কাকে বলে ?
* Answer :- যে সমস্ত খাদক প্রাথমিক খাদককে খেয়ে পুষ্টি গ্রহণ করে, তাদের গৌণ খাদক বলা হয়। যেমন - ব্যাঙ, মাছ, বাঘ প্রভৃতি।

30) প্রগৌণ খাদক কাকে বলে ?
* Answer :- যে সমস্ত খাদক গৌণ খাদকদের খেয়ে পুষ্টি গ্রহণ করে, তাদের প্রগৌণ খাদক বলা হয়। যেমন - মানুষ , সাপ , বাজপাখি প্রভৃতি ।

31) বিয়োজক কী ?
* Answer :- ক্ষুদ্র ক্ষুদ্র জীব , যা মৃত উদ্ভিদ ও প্রাণীদেহ কে বিয়োজিত করে । যেমন - ছত্রাক ও ব্যাকটিরিয়া ।

32) মানুষ পরিবেশ থেকে সরাসরি কী কী গ্রহণ করে ?
* Answer :- খাদ্য ও অক্সিজেন ।

33) মানুষ প্রয়োজনীয় মৌল উপাদান গুলি কী ভাবে গ্রহণ করে ও ত্যাগ করে ?
* Answer :- মানুষ বিভিন্ন উদ্ভিদজাত দ্রব্য খাদ্যের মাধ্যমে গ্রহণ করে এবং মল- মূত্র হিসেবে ত্যাগ করে ।

34) কমেনসালিজম কী ?
* Answer :- যখন দুইটি জীব একত্রে বসবাস করলেও কারো কোন ক্ষতি হয় না, তাদের কমেনসালিজম বলা হয় । যেমন - একটি ফল গাছে পাখির বসবাস।

35) পরজীবী কাকে বলে ?
* Answer :- একটি জীব অন্য একটি জীবে আশ্রয় লাভ করে পুষ্টি রস গ্রহণ করে এবং আশ্রয়দাতা জীবের ক্ষতি করে, তাকে পরজীবী বলে।
যেমন - মানুষের দেহে উকুন বা কৃমি।

36) কয়েকটি শিকারি প্রাণীর উদাহরণ দাও ?
* Answer :- বাঘ, সিংহ, বাজপাখি প্রভৃতি ।

37) মানুষ কোথায় প্রথম আবির্ভূত হয় ?
* Answer :- বিশ্বে প্রথম মানুষ আবির্ভূত হয় আফ্রিকা মহাদেশে ।

38) প্রথম আদিম মানুষের বিজ্ঞান সম্মত নাম কী ?
* Answer :- হোমো হাবিলিস ।

39) আদিম মানুষের কোন দুইটি আবিষ্কার খুব গুরুত্বপূর্ণ ছিল ?
* Answer :- আগুন ও চাকার আবিষ্কার ।

40) সমাজ কী ভাবে তৈরী হয় ?
* Answer :- আদিম মানুষের তাঁর গোষ্ঠী ও দলের প্রতি সচেতনতা - দায়বদ্ধতা থেকেই সমাজ তৈরী হয় ।

41) আদিম মানুষের প্রধান জীবিকা কী ছিল ?
* Answer :- ফলমূল সংগ্রহ ও পশু শিকার।

42) মানুষ কবে কোথায় প্রথম পশুপালন করতে শিখেছে ?
* Answer :- প্রায় 10,000 বছর আগে পশ্চিম এশিয়ার পাহাড়ি অঞ্চলে ।

43) মানুষ কবে প্রথম কৃষিকাজ করতে শিখেছে ?
* Answer :- প্রায় 40,000 বছর আগে কিন্তু স্থায়ী ভাবে শুরু হয় প্রায় 10,000 বছর আগে ।

44) কোন কোন নদীকে কেন্দ্র করে কৃষি কেন্দ্রিক সভ্যতার বিকাশ ঘটে ?
* Answer :- গঙ্গা নদী, সিন্ধু নদী, মেসোপটেমিয়া, ইয়াংসি নদী প্রভৃতি।

45) মানুষ তথা প্রকৃতির বন্ধু কাকে বলা হয় ?
* Answer :- গাছকে বা বনভূমিকে ।

46) গাছ বা বন থেকে আমরা কী কী পেয়ে থাকি ?
* Answer :- অক্সিজেন, খাদ্য শস্য, ফল, পাতা, ফুল, মধু, ভেষজ উদ্ভিদ প্রভৃতি ।

47) মানব জীবনে তৃতীয় গুরুত্বপূর্ন আবিষ্কারকের নাম কী ?
* Answer :- বিদ্যুৎ ।

48) সমাজের বিকাশের কারণ কী ?
* Answer :- কৃষি, শিল্প , বানিজ্য ও বিজ্ঞানের অগ্রগতি বা উন্নতি।

49) বনভূমি বিনাশের প্রধান কারণ কী ?
* Answer :- বসতি,শিল্প ও কৃষির প্রসার বা উন্নতি।

50) পরিবেশ দূষণের প্রভাব গুলি কী কী ?
* Answer :- উষ্ণায়ন,ধোঁয়াশা, অম্লবৃষ্টি, ওজনস্তর ক্ষয় প্রভৃতি ।

Cont....
আজ কয়েকটি বাছাই করে কিছু প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করা হয়েছে। পরে আরো বিস্তারিত আলোচনা করা হবে ।

প্রশ্ন ও উত্তর গুলি কেমন হয়েছে তা কমেন্টে করে জানাবেন। এই প্রকার আরো অনেক প্রশ্ন ও উত্তর পাওয়ার জন্য ওয়েবসাইটে ভিজিট করুন।

*Thank you, Visit Again*



WWW.BENGALEDUCATIONGUIDE.COM